# 48th BCS Preli Program

## 48th BCS Preli Pioneer Service

## Daily Live Exam Geography-01

## MCQ Master Set: 1 (Question & Solution)

Question 1

হিমালয় পর্বতমালার উচ্চতম শৃঙ্গের নাম কী?

A মাউন্ট এভারেস্ট ✔

B গডউইন অস্টিন

C $K_2$

D তিরিচ মির

**Solution:**
হিমালয় পর্বতমালা ভারতের উত্তর অংশে অবস্থিত। এটি পৃথিবীর উচ্চতম বিন্দু ধারণ করে যার নাম মাউন্ট এভারেস্ট। উচ্চতা ৮৮৪৯ মিটার। $K_2$ বা গডউইন অস্টিন ভারত, চীন ও পাকিস্তানে অবস্থিত। কারাকোরাম পবর্তমালার উচ্চতম শৃঙ্গ এবং হিন্দুকুশ পর্বতমালার (আফগানিস্তান, পাকিস্তান) উচ্চতম শৃঙ্গ তিরিচ মির।

Question 2

কোন মহাদেশে সর্বাধিক দেশের অবস্থান?

A এশিয়া

B আফ্রিকা ✔

C ইউরোপ

D অস্ট্রেলিয়া

**Solution:**
পৃথিবীর সর্বাধিক দেশের অবস্থান- আফ্রিকা মহাদেশে (৫৪টি)।
সবচেয়ে কম দেশ রয়েছে- দক্ষিণ আমেরিকা মহাদেশে (১২টি)।

Question 3

কোনটি আকাশের উজ্জ্বলতম নক্ষত্র?

A লুব্ধক ✔

B প্রক্সিমা সেন্টারাই

C সূর্য

D ধ্রুবতারা

**Solution:**
যেসব জ্যোতিষ্কের নিজস্ব আলো আছে তাদের নক্ষত্র বলে। নক্ষত্রগুলো জ্বলন্ত গ্যাসপিণ্ড, এরা হাইড্রোজেন ও হিলিয়াম গ্যাস দিয়ে তৈরি। এই গ্যাস অতি উচ্চ (প্রায় ৬০০০° সেলসিয়াস) তাপমাত্রায় জ্বলছে। সূর্যের প্রখর আলোর জন্য দিনের বেলায় অন্যান্য নক্ষত্র দেখা যায় না। পৃথিবী থেকে দেখলে মনে হয় নক্ষত্রগুলো যেন একই সমতলে অবস্থান করছে। কিন্তু পৃথিবী থেকে এরা বিভিন্ন দূরত্বে অবস্থান করছে। লুব্ধক পৃথিবীর আকাশের উজ্জ্বলতম তারা। লুব্ধক বলতে মূলত "সিরিয়াস এ" তারাটিকে বুঝায়।

Question 4

গ্রিনিচের সময় হিসেবে কোন দিকের দেশগুলো গ্রিনিচের চেয়ে পিছিয়ে থাকে?

A পূর্ব দিকের দেশগুলো

B পশ্চিম দিকের দেশগুলো ✔

C দক্ষিণ দিকের দেশগুলো

D উত্তর দিকের দেশগুলো

**Solution:**
গ্রিনিচের দ্রাঘিমা শূন্য ডিগ্রি (০°) ধরা হয়। এখন আমরা যদি গ্রিনিচের সময় এবং অন্য কোনো স্থানের সময় জানতে পারি তাহলে দুই স্থানের সময়ের পার্থক্য অনুসারে প্রতি ৪ মিনিট সময়ের পার্থক্যে ১° দ্রাঘিমার পার্থক্য ধরে ঐ স্থানের দ্রাঘিমা নির্ণয় করতে পারি। গ্রিনিচের পূর্ব দিকের দেশগুলো সময়ের হিসেবে গ্রিনিচের চেয়ে এগিয়ে থাকে এবং গ্রিনিচের পশ্চিমে অবস্থিত দেশগুলোর সময় গ্রিনিচের সময় থেকে পিছিয়ে থাকে।

Question 5

পৃথিবী তৈরির প্রধান উপাদান কোনটি?

A সিলিকন ✔

B অক্সিজেন

C অ্যালুমিনিয়াম

D আয়রন

**Solution:**
- ভূ-পৃষ্ঠের উপরিভাগ থেকে ভূ-অভ্যন্তরে প্রায় ৬০-১০০ কিলোমিটার গভীরতা পর্যন্ত অশ্মমণ্ডল। অশ্মমণ্ডলের সর্বাপেক্ষা বাইরের স্তর, যে স্তরে আমরা বসবাস করি তাকে ভূত্বক বলে।
- পৃথিবী তৈরির **প্রধান উপাদান** হচ্ছে- **সিলিকন।**
- ভূত্বকের গভীরতা প্রায় ১৬ কি.মি.;পুরুত্ব গড়ে ২০ কিলোমিটার।
- ভূপৃষ্ঠে শিলার যে **কঠিন বহিরাবরণ** দেখা যায় তাই **ভূত্বক।**

Question 6

‘পবিত্র ভূমি’ বলা হয় কোনটিকে?

A বসরা

B জেরুজালেম ✔

C বাগদাদ

D কারবালা

**Solution:**
মুসলিম, খ্রিস্টান ও ইহুদি এই তিন ধর্মেরই পবিত্র স্থান জেরুজালেমকে ‘পবিত্র ভূমি’ বলা হয়। বর্তমানে জেরুজালেমের অধিকার নিয়ে ইসরায়েল ও ফিলিস্তিনের মধ্যে সংঘর্ষ বিদ্যমান।

Question 7

প্রবল জোয়ারের কারণ, এ সময়-

A সূর্য ও চন্দ্র পৃথিবীর সঙ্গে সমকোণ করে থাকে

B চন্দ্র পৃথিবীর সবচেয়ে কাছে থাকে

C পৃথিবী সূর্যের সবচেয়ে কাছে থাকে

D সূর্য, চন্দ্র ও পৃথিবী এক সরলরেখায় থাকে ✔

**Solution:**
পূর্ণিমা ও অমাবস্যায় সূর্য, চন্দ্র ও পৃথিবী একই সরল রেখায় এলে পৃথিবীর উপর প্রবল আকর্ষণ অনুভূত হওয়ার ফলে যে প্রবল জোয়ার হয় তাকে তেজ কটাল বলে। ফলে এ দুই সময়ে জোয়ারের পানি খুব বেশি ফুলে উঠে।

Question 8

মহেঞ্জোদারো ও হরপ্পা নামক প্রাচীন সভ্যতা ধ্বংসাবশেষ কোথায় আবিষ্কৃত হয়েছে?

A আফগানিস্তান

B ভারত

C পাকিস্তান ✔

D ইরাক

**Solution:**
প্রাচীন ভারতীয় সিন্ধু সভ্যতার নিদর্শন মহেঞ্জোদারো ও হরপ্পা বর্তমান পাকিস্তানের সিন্ধু প্রদেশের লারকানা জেলায় অবস্থিত। ২৬০০ খ্রিষ্টপূর্বাব্দ নাগাদ নির্মিত এই শহরটি ছিল বিশ্বের প্রাচীনতম শহরগুলির অন্যতম এবং প্রাচীন মিশর, মেসোপটেমিয়া ও ক্রিট সভ্যতার সমসাময়িক।

Question 9

ভূ-ত্বকের নিচে প্রায় ২,৮৮৫ কিলোমিটার পর্যন্ত পুরুমণ্ডলকে কী বলে?

A কেন্দ্রমণ্ডল

B গুরুমণ্ডল ✔

C অশ্মমণ্ডল

D বহিঃকেন্দ্র

**Solution:**
ভূত্বকের নিচে প্রায় ২,৮৮৫ কিলোমিটার পর্যন্ত পুরুমণ্ডলকে গুরুমণ্ডল বলে। গুরুমণ্ডল মূলত ব্যাসল্ট **(Basalt) শিলা দ্বারা গঠিত।**
গুরুমণ্ডল দুই ভাগে বিভক্ত। (ক) উর্ধ্ব গুরুমণ্ডল যা ৭০০ কিলোমিটার পর্যন্ত বিস্তৃত। (খ) নিম্ন গুরুমণ্ডল, অবশিষ্ট পুরুত্ব।

Question 10

ডাউকি ফল্ট বরাবর ভূমিকম্পে সৃষ্ট নদীর নাম কী?

A. সুরমা

B. কুশিয়ারা

C. যমুনা ✔

D. তিস্তা

**Solution:**
ভূমিকম্পের ফলে ভূত্বকের মধ্যে অসংখ্য ভাঁজ, ফাটল বা ধসের সৃষ্টি হয়। এতে নদীর গতিপথও পাল্টে যায়। যেমন- ১৭৮৭ সালে আসামের ডাউকি ফল্ট বরাবর ভূমিকম্প হয়। এর তীব্রতা এতো বেশি ছিল যে তাতে পুরাতন ব্রহ্মপুত্র নদের তলদেশ কিছুটা উঁচু হয়ে যায়। ফলে বর্তমান যমুনা নদীর সৃষ্টি হয়।

Question 11

নিচের কোনটি পাললিক শিলার উদাহরণ নয়?

A. বেলে পাথর

B. লিগনাইট

C. ডলোমাইট

D. গ্যাব্রো ✔

**Solution:**
**পাললিক শিলার বৈশিষ্ট্য:**
১. স্তরীভূত; ২. নরম ও হালকা; ৩. সহজে ক্ষয়প্রাপ্ত; ৪. এর মধ্যে জীবাশ্ম দেখা যায়; ৫. এই শিলায় ছিদ্র দেখা যায়।
উদাহরণ: বেলে পাথর, কয়লা, শেল, চুনাপাথর, কাঁদা পাথর, কেওলিন, লিগনাইট, ডলোমাইট।
গ্যাব্রো হলো রূপান্তরিত শিলা।

Question 12

সৌরজগতের ক্ষুদ্রতম গ্রহ কোনটি?

A. মঙ্গল

B. বুধ ✔

C. শনি

D. নেপচুন

**Solution:**

| গ্রহ | উপগ্রহ সংখ্যা | উল্লেখযোগ্য উপগ্রহ | সূর্য থেকে গড় দূরত্ব (কি.মি.) | অন্যান্য তথ্য |
|---|---|---|---|---|
| বুধ (Mercury) | ০ | নেই | ৫ কোটি ৭৯ লক্ষ | • সৌরজগতের ক্ষুদ্রতম ও সূর্যের নিকটতম গ্রহ।<br>• মাধ্যাকর্ষণ বল কম হওয়ার কারণে বায়ুমণ্ডল নেই।<br>• মেঘ, বৃষ্টি, বাতাস, পানি ও প্রাণের অস্তিত্ব নেই।<br>• ভূ-ত্বক গর্তে ভরা। পাহাড় ও সমভূমি আছে।<br>• সৌরজগতের দ্রুততম গ্রহ কারণ সূর্যকে প্রদক্ষিণে সবচেয়ে কম সময় লাগে। |

Question 13

আন্তর্জাতিক তারিখ রেখাটি কোন সাগর অতিক্রম করেছে?


A দক্ষিণ চীন সাগর

B বেরিং সাগর ✔

C মেক্সিকো উপসাগর

D আজভ সাগর

**Solution:**




কোনো নির্দিষ্ট স্থান থেকে পূর্ব বা পশ্চিম দিকে ১৮০ ডিগ্রি দ্রাঘিমারেখা অতিক্রম করলে সময় নিয়ে সমস্যা দেখা দেয়। এই সমস্যা সমাধানের জন্য ১৮০ ডিগ্রি দ্রাঘিমা রেখাকে অবলম্বন করে সম্পূর্ণভাবে জলভাগের উপর দিয়ে উত্তর-দক্ষিণে প্রসারিত একটি রেখা কল্পনা করা হয়। এ কল্পিত রেখাটিকে 'আন্তর্জাতিক তারিখ রেখা' বলে। **১৮০ ডিগ্রি পূর্ব ও ১৮০ ডিগ্রি পশ্চিম দ্রাঘিমা মূলত একই রেখা।**

Question 14

আজভ সাগর কোন দুই দেশের সীমান্তে অবস্থিত?

A জর্জিয়া-তুরস্ক

B গ্রিস-তুরস্ক

C তুরস্ক-রাশিয়া

D রাশিয়া-ইউক্রেন ✔

**Solution:**
আজভ সাগর পূর্ব ইউরোপের একটি অভ্যন্তরীণ সমুদ্র যা কৃষ্ণ সাগরের সাথে সংকীর্ণ কের্চ প্রণালী দ্বারা সংযুক্ত, এবং কখনও কখনও কৃষ্ণ সাগরের উত্তর সম্প্রসারণ হিসাবে বিবেচিত হয়। সমুদ্রটি পূর্বে রাশিয়া এবং উত্তর-পশ্চিম এবং দক্ষিণ-পশ্চিমে ইউক্রেন দ্বারা বেষ্টিত। এটি ক্যাস্পিয়ান সাগর থেকে ভোলগা-ডন খাল হয়ে মধ্য এশিয়ার জন্য একটি গুরুত্বপূর্ণ প্রবেশ পথ।

Question 15

## সমান তাপ সম্পন্ন স্থানসমূহকে নির্দেশ  করে-

A আইসোথার্ম ✔

B আইসোহেলাইন

C আইসোহাইট

D আইসোবার

**Solution:**

| রেখার নাম | সংজ্ঞা |
|---|---|
| আইসোহাইট | মানচিত্রে সমবৃষ্টিপাত সম্পন্ন স্থানসমূহকে যোগকারী রেখা। |
| আইসোবার | সমবায়ুমণ্ডলীয় চাপ সম্পন্ন স্থানসমূহকে যোগ করতে ব্যবহৃত রেখা। |
| আইসোথার্ম | সমতাপ সম্পন্ন স্থানসমূহকে যোগ করতে ব্যবহৃত হয়। |
| আইসোহেলাইন | সমুদ্রের বিভিন্ন স্থানের সম লবণাক্ততা নির্দেশ করতে। |

Question 16

## দুটি স্থানের দ্রাঘিমার পার্থক্য কত হলে স্থান দুটির মধ্যকার সময়ের পার্থক্য হবে ১ ঘণ্টা?

A ৩০°

B ১৫° ✔

C ২০°

D ১০°

**Solution:**

পৃথিবীর কেন্দ্রে কোণের পরিমাণ ৩৬০ ডিগ্রি। এই ৩৬০ ডিগ্রি কৌণিক দূরত্ব আবর্তন করতে পৃথিবীর ২৪ ঘণ্টা বা (২৪×৬০) = ১,৪৪০ মিনিট সময় লাগে। সুতরাং পৃথিবী ১ ডিগ্রি ঘোরে (১,৪৪০ ÷ ৩৬০) = ৪ মিনিট সময়ে অর্থাৎ প্রতি ১ ডিগ্রি দ্রাঘিমার পার্থক্যের জন্য সময়ের পার্থক্য হয় ৪ মিনিট। আরও সূক্ষ্ম পার্থক্য মাপতে ডিগ্রিকে মিনিট ও সেকেন্ডে বিভক্ত করা হয়। গ্রিনিচ মান সময় অপেক্ষা বাংলাদেশের সময় ৬ ঘণ্টা এগিয়ে। ক্রনোমিটারের সাহায্যে যেকোনো স্থানের সময় নির্ণয় করা যায়। দুইটি স্থানের দ্রাঘিমার পার্থক্য ১৫ ডিগ্রি হলে ঐ দুইটি স্থানের সময়ের পার্থক্য হবে ১ ঘণ্টা। পূর্ব দিকে থাকলে মূল সময়ের সাথে যোগ হবে এবং পশ্চিম দিকে থাকলে মূল সময় থেকে বিয়োগ করতে হবে।

Question 17

## আয়তনে এশিয়ার ক্ষুদ্রতম দেশ কোনটি?

A মালদ্বীপ ✔

B শ্রীলঙ্কা

C ভুটান

D লাওস

**Solution:**

| মহাদেশ | দেশের সংখ্যা | আয়তনে বৃহত্তম দেশ | আয়তনে ক্ষুদ্রতম দেশ |
|---|---|---|---|
| এশিয়া | ৪৬ | চীন | মালদ্বীপ |
| ইউরোপ | ৪৪ | রাশিয়া | ভ্যাটিকান সিটি |
| আফ্রিকা | ৫৪ | আলজেরিয়া | সিসেলিস |
| উত্তর আমেরিকা | ২৩ | কানাডা | সেন্টকিটস এন্ড নেভিস |
| দক্ষিণ আমেরিকা | ১২ | ব্রাজিল | সুরিনাম |
| ওশেনিয়া বা অস্ট্রেলিয়া | ১৪ | অস্ট্রেলিয়া | নাউরু |
| অ্যান্টার্কটিকা | - | - | - |

Question 18

## রায়োলাইট কোন ধরনের শিলা?

A বহিঃজ আগ্নেয় ✔

B পাললিক শিলা

C অন্তঃজ আগ্নেয়

D স্তরীভূত শিলা

**Solution:**

ভূগর্ভের উত্তপ্ত তরল পদার্থ ম্যাগমা আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাত বা অন্য কোনো কারণে বেরিয়ে এসে শীতল হয়ে জমাট বেঁধে বহিঃজ আগ্নেয় শিলার সৃষ্টি হয়, এদের দানা খুব সূক্ষ্ম, রং গাঢ়। এই শিলার উদাহরণ হলো ব্যাসল্ট, রায়োলাইট, অ্যান্ডিসাইট ইত্যাদি।

Question 19

সূর্য থেকে পৃথিবীতে আলো আসতে কতক্ষণ সময় লাগে?

A ৫০০ সেকেন্ড ✔

B ৫৪৮ সেকেন্ড

C ৪৯২ সেকেন্ড

D ৬৪৪ সেকেন্ড

**Solution:**
- সূর্য থেকে পৃথিবীর দূরত্ব ৯ কোটি ৩০ লক্ষ মাইল।
- আলোর গতি প্রতি সেকেন্ডে ১ লক্ষ ৮৬ হাজার মাইল।
- সূর্য থেকে পৃথিবীতে আলো আসতে সময় লাগে ৫০০ সেকেন্ড বা ৮ মিনিট ২০ সেকেন্ড বা ৮.৩২ মিনিট।

Question 20

নিচের কোন দেশটি স্থলবেষ্টিত নয়?

A সুদান ✔

B জিম্বাবুয়ে

C আজারবাইজান

D হাঙ্গেরি

**Solution:**
যেসকল দেশের সমুদ্রবন্দর নেই সে সকল দেশকে স্থলবেষ্টিত দেশ বা রাষ্ট্র বলে। বিশ্বে মোট ৪৫টি দেশ স্থল বেষ্টিত। উপরিউক্ত দেশ গুলোর মধ্যে জিম্বাবুয়ে, আজারবাইজান, হাঙ্গেরির নিজস্ব সমুদ্রবন্দর নেই তাই তারা স্থলবেষ্টিত দেশ। সুদানের নিজস্ব সমুদ্রবন্দর আছে এবং এগুলো যথাক্রমে পোর্ট সুদান, পোর্ট ডিগনা, পোর্ট অব মারসা বাশায়ের।

Question 21

খারান মরুভূমি কোথায় অবস্থিত?

A বুশান, দক্ষিণ আফ্রিকা

B বেলুচিস্তান, পাকিস্তান ✔

C রাজস্থান, ভারত

D তুরকানা, কেনিয়া

**Solution:**
খারান মরুভূমি দক্ষিণ-পশ্চিম পাকিস্তানের বেলুচিস্তান প্রদেশে অবস্থিত একটি বালুকাময় এবং পাহাড়ি মরুভূমি। কম সেচের কারণে এখানকার জমি কৃষিকাজের জন্য উপযুক্ত নয়। এখানকার পেশা মূলত কৃষিকাজ। এখানকার ভূখণ্ড মূলত শুষ্ক, ধূসর-বাদামী বালির মতো বিস্তৃত।

Question 22

নিচের কোনটি প্রাথমিক শিলা হিসেবে বিবেচিত?

A চুনাপাথর

B মার্বেল

C ল্যাকোলিথ ✔

D জিপসাম

**Solution:**
সৃষ্টির প্রথমে পৃথিবী জ্বলন্ত গ্যাসীয় অবস্থায় ছিল। ক্রমান্বয়ে তাপ বিকিরণ করে এবং উপরিভাগ শীতল ও কঠিন আকার ধারণ করে। এভাবে গলিত অবস্থা থেকে ঘনীভূত ও কঠিন হয়ে যে শিলা গঠিত হয় তাকে আগ্নেয় শিলা বলে। পৃথিবীর প্রথম পর্যায়ে সৃষ্টি হয়েছে বলে এ শিলাকে প্রাথমিক শিলা এবং এ শিলার কোনো স্তর বা জীবাশ্ম নেই বলে একে অস্তরীভূত শিলাও বলে। যেমন: ব্যাসল্ট, গ্রানাইট ফেলমাইট, সিয়েনাইট স্ট্রাপ, ল্যাকোলিথ ইত্যাদি। চুনাপাথর, জিপসাম → পাললিক শিলা মার্বেল → রূপান্তরিত শিলা।

Question 23

গোল্ডেন ট্রায়াঙ্গেলভুক্ত দেশ নয় কোনটি?

A মালয়েশিয়া ✔

B থাইল্যান্ড

C মিয়ানমার

D লাওস

**Solution:**
গোল্ডেন ট্রায়াঙ্গেল হলো থাইল্যান্ড, লাওস ও মিয়ানমার সীমান্তে অবস্থিত ‘আফিম’ উৎপাদনকারী অঞ্চল।

Question 24

## নিম্নের কোনটি বৃহৎ স্কেল মানচিত্র?

A ১:২৫০০০

B ১:১০০০০ ✔

C ১:২৫০০,০০০

D ১:১০০০,০০০

**Solution:**
মানচিত্র হলো নির্দিষ্ট স্কেলে অক্ষরেখা বা দ্রাঘিমারেখাসহ কোনো সমতল ক্ষেত্রের উপর পৃথিবী বা এর অংশবিশেষের অঙ্কিত প্রতিরূপ। বিভিন্ন দেশে বিভিন্ন স্কেলে এই মানচিত্র তৈরি করে। তবে সবচেয়ে আদর্শ ও জনপ্রিয় হচ্ছে ব্রিটিশদের তৈরি মানচিত্র যার স্কেল ছিল ১:২৫,০০০ থেকে ১:১০০,০০০ এবং আমেরিকাতে এই মানচিত্রের স্কেল থাকে সাধারণত ১:৬২,৫০০ থেকে ১:১২৫,০০০। বাংলাদেশে সাধারণত ব্রিটিশ স্কেলটি অনুসরণ করে। উল্লেখ্য, বৃহৎ স্কেল মানচিত্র → ১:১০,০০০।

Question 25

## দক্ষিণ গোলার্ধে ২৩.৫° *দক্ষিণ অক্ষরেখাকে কী বলে?*

A কর্কটক্রান্তি রেখা

B মকরক্রান্তি রেখা ✔

C বিষুবরেখা

D সমাক্ষরেখা

**Solution:**
উত্তর গোলার্ধে ২৩.৫° *উত্তর অক্ষরেখাকে কর্কটক্রান্তি রেখা* (Tropic of Cancer) *এবং দক্ষিণ গোলার্ধে ২৩.৫° দক্ষিণ অক্ষরেখাকে মকরক্রান্তি রেখা* (Tropic of Capricorn) *বলে। আমাদের বাংলাদেশের উপর দিয়ে কর্কটক্রান্তি রেখা অতিক্রম করেছে। এই দুটি রেখার মধ্যবর্তী অঞ্চলে সূর্যের আলো লম্বভাবে পৃথিবীতে পড়ে।*

Question 26

## জাপানের ফুজিয়ামা কোন ধরনের পর্বত?

A চ্যুতিস্তূপ

B ভঙ্গিল

C আগ্নেয় ✔

D ল্যাকোলিথ

**Solution:**

| পর্বত | উদাহরণ |
|---|---|
| ভঙ্গিল | এশিয়ার হিমালয়, ইউরোপের আল্পস, আমেরিকার রকি, দ. আমেরিকার আন্দিজ। |
| আগ্নেয় পর্বত | ইতালির ভিসুভিয়াস, কেনিয়ার কিলিমানজারো, জাপানের ফুজিয়ামা, ফিলিপাইনের পিনাটুবো। |
| চ্যুতি-স্তূপ পর্বত | ভারতের বিন্ধ্য, জার্মানির ব্ল্যাক ফরেস্ট, পাকিস্তানের লবণ পর্বত। |
| ল্যাকোলিথ পর্বত | যুক্তরাষ্ট্রের হেনরি পর্বত। |

Question 27

## নিচের কোনটি রূপান্তরিত শিলা?

A নিস ✔

B ডলোরাইট

C সিল

D শেল

**Solution:**
কয়েকটি পাললিক শিলার উদাহরণ হলো- কয়লা, শেল, চুনাপাথর, বেলেপাথর, লিগনাইট। এবং কয়েকটি রূপান্তরিত শিলার উদাহরণ হলো- মার্বেল, স্লেট, কোয়ার্টাজ, গ্রাফাইট, নিস ইত্যাদি। কয়েকটি আগ্নেয় শিলার উদাহরণ: ডলোরাইট, সিল, গ্রানাইট, ব্যাসল্ট ইত্যাদি।

Question 28

## ঢাকার প্রতিপাদ স্থান কোথায় অবস্থিত?

A গ্রিনিজ মানমন্দির, লন্ডন

B চিলির নিকট প্রশান্ত মহাসাগর ✔

C ভারত মহাসাগর

D অ্যান্টার্কটিকা মহাদেশে

**Solution:**
ভূপৃষ্ঠের উপর অবস্থিত কোনো বিন্দু বা স্থানের ঠিক বিপরীত বিন্দু বা স্থানকে সেই স্থানের প্রতিপাদ স্থান বলে।
দুইটি প্রতিপাদ স্থানের দ্রাঘিমার যোগফল হবে ১৮০° অর্থাৎ সময়ের পার্থক্য হবে ১২ ঘণ্টা।
ঢাকার প্রতিপাদ স্থান চিলির নিকট প্রশান্ত মহাসাগরে।

Question 29

## Milky way কী?

(A) নক্ষত্র

(B) গ্রহ

(C) ছায়াপথ ✔

(D) নীহারিকা মণ্ডল

**Solution:**
কোনো একটি গ্যালাক্সির ক্ষুদ্র অংশকে ছায়াপথ বা আকাশগঙ্গা বলে। ছায়াপথ লক্ষ কোটি নক্ষত্রের সমষ্টি। সৌরজগৎ একটি ছায়াপথের অন্তর্গত।

Question 30

## কোনটি উত্তর আমেরিকার তৃণভূমি?

(A) ভেল্ড

(B) পাম্পাস

(C) প্রেইরি ✔

(D) লুজোন

**Solution:**
প্রেইরি তৃণভূমি উত্তর আমেরিকার যুক্তরাষ্ট্র ও কানাডার মাঝে বিশাল এলাকা নিয়ে অবস্থিত। এ অঞ্চলে সবচেয়ে বেশি গম উৎপাদিত হয়।